

চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী
চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী
চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী
চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী চুনতি রজনী



চুনতি রজনীর পেছনের কথা :

আরব্য উপন্যাসের আদলে চুনতি রজনী' লেখার স্বপ্ন আমার দীর্ঘ দিনের। উপন্যাস লেখার জন্য প্রয়োজন হয় যথাযথ প্লট' উপকরণ' সমৃদ্ধ নৈবেদ্য সর্বোপরি অভিজ্ঞতা এবং যোগ্যতা। আমি অতি তুচ্ছ এক পিপীলিকা ! পাঠক আশা করছি' বামণের চাঁদে হাত দেয়ার অপরাধ ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন।

ইরাকের বাগদাদ শহরে হাজার বছর আগে রচিত হয়েছিল আরব্য রজনী'। রচনার উদ্দেশ্য ছিল ইসলাম ধর্মের সুমহান বাণী' প্রচার ও প্রসার, পবিত্র কোরআনের নির্দেশনায় পুতঃ পবিত্র জীবন ধারণ' এবং আল্লাহ ও তার রসূলের প্রতি অগাধ প্রেম বিশ্বাস স্থাপন করা। অতঃপর ঈমানী শক্তিতে বলিয়ান হয়ে কাফের, মুনাফেক, মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ করে আল্লাহর জমিনে কলেমা প্রতিষ্ঠা করা। অভিন্ন উদ্দেশ্য নিয়ে কিছুটা উপমা রূপকের সাহায্যে আমি ও চেষ্টা করছি আরবার এ গৌরব গাঁথা গাঁথার।

স্বীকার করছি, আরব্য রজনী' পুরোপুরি প্রাপ্ত বয়স্কদের জন্য। নর -নারীর প্রেম' জৈবিকতা' পরকীয়া' হিংসা' এবং উপমায় এসেছে কল্পিত শত রাক্ষস- খোক্ষস' জ্বীন পরী। অথচ কাহিনীর বর্ণনা অতি সহজ, সরল এবং স্বচ্ছন্দ মসৃণ গতিময়। চুনতি রজনী সর্ব জন পাঠ্য করার জন্য অতি সহজ বাক্যের সাথে সাথে উহ্য রেখেছি নর- নারীর খোলা- খুলি বুলি এবং রগড় কাহিনী।

চুনতি আমাদের জন্মভূমি। পাহাড় পর্বত ঘেরা মায়াময় এই প্রশান্তি আমি মনে করি বাংলাদেশের ৬৮ হাজার গ্রামের আর কোথাও নেই।(হ্যাঁ সুপ্রিয় পাঠক' আমি পুরো বাংলাদেশ ঘুরে এসে এ সুখবর প্রদান করছি। ভ্রমণ কালঃ ১৯৭১ইং থেকে ২০০৮ইংরেজী' কখনো গরু-মহিষের গাড়ী' কখনো বা রেল' নৌকাতে কখনো বা বাইসাইকেল' মোটরসাইকেলে কখনো বা বিমান' মোটরযানে)

অন্যদিকে কিংবদন্তীর কোন অভাব নেই এ চুনতি অঞ্চলে। বিশেষ করে রাতার খাল কে নিয়ে যতো দেও দৈত্যের কাহিনী। বহুরূপী এ দুষ্ট কখনো শাকচূনি কখনো বা অতি মায়াবতী রূপসী কোন নারী, কখনো বা ভয়ঙ্কর বিশাল হাউন্ড বেশে এমনকি অনেক সময় তাকে না কি ধবধবে সাদা অশ্ব রূপে ও দেখেছেন বহু জনে। এ সবি হয়তো দুষ্ট জ্বীনের কারসাজি।

আগুনের তৈরি জ্বীনের শরীর পাতলা হওয়াতে সে যে কোন সময় যে কোন রূপ ধারণ করতে সক্ষম। তবে জ্বীনরা মানুষের বেশ নিতে পারলেও জ্বীন বা পরীর সাথে কোন দিনই মানব সন্তানের মিলন সম্ভব নয়। কারণ মানুষের বেশেও তাদের অঙ্গের বিকৃতি থাকে। অবশ্য পরীরা ইচ্ছে করলে যে কোন পছন্দীয় যুবককে পরীস্থান কিংবা কুহেকাফে নিয়ে গিয়ে পলক না পড়া দৃষ্টিতে রূপ পান করতে পারে, যার প্রমাণ বহু কাহিনীতে মিলে।

পাশাপাশি আউলিয়ার পদচারনায় ধন্য চুনতির জমিন। আল্লাহতাআলার নেক দৃষ্টি এবং অফুরন্ত রহমত যুগে যুগে চুনতির মানুষকে বালা মসিবত মহামারী, খরা, যুদ্ধ বিগ্রহ, এবং অনল থেকে রক্ষা করেছে। সর্বশেষ চুনতির তিন বুর্জগ- জনাব মরহুম মওলানা হাবিবুর রহমান পীর সাহেব' মরহুম চুনতির শাহ সাহেব এবং তদীয় পুত্র মরহুম মওলানা মোহাম্মদ শাহ্ জামাল সাহেবের মহব্বতে আজও চুনতি বাসি বাতিল নাফরমান শয়তানের মুখে উঠা মেরে মায়ের কোলে বসে আল্লাহর জিকিরে সক্ষম হচ্ছেন!!



শেষ কথাঃ অধম এ চেষ্টা করছি' যার ছহি নির্দেশ পবিত্র কোরআনের সূরা মায়েরা- ৩৫ আয়াত'
হে মুমিনগণ! আল্লাহকে ভয় কর আর তাঁর দিকে ওসিলা তালাশ কর এবং তাঁর পথে জিহাদ কর
যাতে তোমরা সফলকাম হও।

শেষ ইচ্ছেঃ চুনতির নতুন প্রজন্মের কাছে চুনতি রজনী বিষয়ক লেখা আশা করছি।

পুনশ্চ : কৃতজ্ঞতা জানাচ্ছি-তাদের' যাদের সহায়তায় আজ এ রজনী উপাখ্যান লেখা সম্ভব হচ্ছে। বিশেষ
করে ডট কম এডমিন' এবং জনাব সাইফুল হুদা খান সিদ্দিকের কাছে আমার কৃতজ্ঞতার শেষ নেই।
জনাব হুদা' যিনি আমার বয়সে নবীন কিন্তু জ্ঞানে প্রবীণ।



মিজান উদ্দীন খান বাবু
- চুনতি ডেপুটী বাড়ী।

